

বাংলাদেশ



গেজেট



কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৪, ২০২১

সূচিপত্র

| পৃষ্ঠা নং | পৃষ্ঠা নং |
|--|-----------|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৪৯—১৬০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬১—২০৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৩—৮৩ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২১—২৪০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১)সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এমএফআই ও এমআরএ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৯ পৌষ ১৪২৭/২৪ ডিসেম্বর ২০২০

নং ৫৩.০০.০০০০.৪১২.১১.০০২.২০-১০২—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর ধারা ১০ অনুযায়ী অবসর উত্তর ছুটি (পিআরএল) ভোগরত সরকারের সাবেক অতিরিক্ত সচিব (গ্রেড-১ প্রাপ্ত) জনাব মোঃ ফসিউল্লাহ-কে অভোগকৃত অবসর উত্তর ছুটি (পিআরএল) বাতিলপূর্বক যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছর মেয়াদে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। এ চুক্তিভিত্তিক নিয়োগের শর্তাবলি অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ এনামুল হক

উপসচিব।

অর্থ বিভাগ

ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ

ডিএসএল-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৪১.৩১.০৪০.১৫(অংশ-২)-১৫৪—ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১০ এর উপ-ধারা (৬) অনুসারে ডঃ আহমদুজ্জামান, পিতা-মোঃ নূরুজ্জামান, গ্রাম-আমিননগর (কৃষ্ণবাটা), ডাকঘর-ভৈকুটিয়া, সদর, যশোর কে ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের প্রয়োগকারী বিভাগের নির্বাহী পরিচালক পদে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল ০৪ (চার) বছর।

২। ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুযায়ী ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালকের পারিশ্রমিক, ভাতা, সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। তবে বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি পারিশ্রমিক বাবদ সরকার কর্তৃক নির্ধারিত বাড়ী

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪৯)

ভাড়া ও অন্যান্য সুবিধাসহ সর্বসাকুল্যে মাসিক ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং গাড়ি ও ড্রাইভারের সুবিধা প্রাপ্য হবেন।

৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সম্পাদন সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ প্রার্থীর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আব্দুর রউফ তালুকদার
সিনিয়র সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস]

প্রজ্ঞাপন

তারিখ : ২২ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ০৭২/২০২০/কাস্টমস ২৭৬—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section II এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসেবে ঘোষণা করিল, যথা :—

তফসিল

| মৌজার নাম | উপজেলা | জেলা | জে. এল. নং | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (মোট) | চৌহদ্দি |
|-----------|-------------|--------|------------|------------|-----------------------|-------------------|---|
| চেসা | দুপচাঁচিয়া | বগুড়া | ৭৬ | ৩৬৫/৪৯০ | ৫৫৬, ৬১৪, ৬১৫, ৬১৬ | ২.৬৪ একর | উত্তরে : দুপচাঁচিয়া-সান্তাহার রোড; দক্ষিণে : ৫৮০, ৫৮১, ৫৯৪, ৫৯৫ দাগে ফাঁকা/পতিত জমি; পূর্বে : ৫৫১, ৫৫২, ৫৫৫, ৬১৩, ৬১৭ দাগে বরেন্দ্র সার কারখানা (বন্ধ) ও পতিত জমি; পশ্চিমে : ৫৫৭, দাগে নোমান ফিলিং স্টেশন। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ফরিদা ইয়াসমীন

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭

আদেশাবলি

তারিখ : ১৩ ডিসেম্বর ২০২০ ইং

নং বিচার-৭/২-এন-০৬/২০২০-২৫২—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মাহবুবুর রহমান, পিতা-শাহজাহান, মাতা-শামছুন্নাহার, বাসা/হোল্ডিং নং-২২, গ্রাম-গোহাইল কান্দি, ডাকঘর-ময়মনসিংহ, উপজেলা-ময়মনসিংহ সদর, জেলা-ময়মনসিংহ)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৪নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২-এন-০৬/২০২০-২৫৩—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আল আমিন, পিতা-মোঃ ইদ্রিস আলী, মাতা-জাহানারা, গ্রাম-২২নং ওয়ার্ড, বয়ড়া, ডাকঘর-সুতিয়াখালী, উপজেলা-ময়মনসিংহ সদর, জেলা-ময়মনসিংহ)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ সিটি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ২৫.০০.০০০০.০১৩.২৭.০০১.২০১০-৭৯—গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব তপন কুমার আইন শৃংখলা বাহিনী তথা পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়ার সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১ মোতাবেক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৭ মে ২০১৮ তারিখের ২৫.০০.০০০০.০১৩.২৭.০০১.১০.৭৫ নম্বর প্রজ্ঞাপনমূলে তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত নং-৭, ঢাকা, কর্তৃক তাকে ১৬-১০-২০১৯ তারিখে খালাস প্রদান করা হয়।

২। বিজ্ঞ আদালত কর্তৃক ফৌজদারী মামলা থেকে খালাস পাওয়ায় জনাব তপন কুমার এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময় চাকরিকাল হিসেবে গণ্য হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব।

প্রশাসন শাখা-৫

প্রজ্ঞাপন

তারিখ : ২১ অগ্রহায়ণ ১৪২৭/০৬ ডিসেম্বর ২০২০

নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৩.১৯-৩২৬—যেহেতু, জনাব ইউনুস আলী মোল্লা, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), ইডেন ভবন গণপূর্ত উপ বিভাগ-২, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় কর্মরত অবস্থায় ইডেন ভবন গণপূর্ত উপ বিভাগ-১ এর উপ বিভাগীয় প্রকৌশলীর ব্যবহৃত গাড়ী (ঢাকা মেট্রো গ-৩৯-৮০২৩) ইডেন ভবন গণপূর্ত বিভাগের সম্মুখে পার্কিং থাকা অবস্থায় ১১-১০-২০১৮ তারিখ ০৩ (তিন)টি ঢাকা পাথচারের সাথে সংশ্লিষ্ট রয়েছেন মর্মে গণপূর্ত অধিদপ্তর হতে গঠিত প্রাথমিক তদন্ত কমিটির প্রতিবেদনে মতামত প্রদান করা হয়। সে কারণে গণপূর্ত অধিদপ্তর হতে তাকে ০৮-১১-২০১৮ তারিখ কারণ দর্শানো হয় এবং পরবর্তীতে তার আবেদনের পরিপ্রেক্ষিতে জবাব দাখিলের জন্য অতিরিক্ত ১০ কার্যদিবস সময় বৃদ্ধি করা হয় কিন্তু তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব প্রদান করেননি। সে কারণে তার বিরুদ্ধে “অসদাচরণ” ও “নাশকতা” এর অভিযোগে ০১/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলায় লিখিত জবাব প্রদান করেন এবং তার ব্যক্তিগত শুনানি গ্রহণক্রমে জনাব মোঃ জিল্লুর রহমান, উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা যথাসময়ে কারণ দর্শানো নোটিশের জবাব না দিয়ে অসদাচরণ করেছেন এবং তার বিরুদ্ধে আনীত “নাশকতা” এর অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন;

যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে কর্তৃপক্ষের আদেশ যথাযথভাবে প্রতিপালন না করার অভিযোগটি প্রমাণিত হয়েছে। কর্তৃপক্ষ তাকে কারণ দর্শানোর জন্য আদেশ দিলেও তিনি তা যথাযথভাবে প্রতিপালন করেননি। সার্বিক বিবেচনায় বিভাগীয় মামলার নথি, তদন্তকারী কর্মকর্তার মতামত পর্যালোচনা এবং সার্বিক বিবেচনায় আনীত অভিযোগটি ধর্তব্য;

সেহেতু, জনাব ইউনুস আলী মোল্লা, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), ইডেন ভবন গণপূর্ত উপ বিভাগ-২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে “অসদাচরণ” ও “নাশকতা” এর অভিযোগে রুজুকৃত ০১/২০১৯ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ক) অনুযায়ী “তিরস্কার” দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব।

অফিস আদেশাবলি

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৭/০৭ ডিসেম্বর ২০২০

নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০১৩.১৭-৩৩০—যেহেতু, জনাব মোঃ শিহাবুল ইসলাম, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), সুনামগঞ্জ গণপূর্ত উপ বিভাগ-১, এ কর্মরত অবস্থায় সুনামগঞ্জ ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল ও হাসপাতাল সংলগ্ন বিভিন্ন কোয়ার্টার্স এর অভ্যন্তরীণ রাস্তা মেরামত ও সংস্কার কাজের জন্য ৫,৭৭,৬৬,০০০/- (পাঁচ কোটি সাতাত্তর লক্ষ ছেষাতি হাজার টাকা) ব্যয়ের অনিয়ম, সংস্কার কাজের দরপত্রসমূহ কোনো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ না করে বহুল প্রচারের শর্ত ভংগ এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ লঙ্ঘন করেছেন মর্মে অভিযোগ উত্থাপিত হয় এবং উক্ত অভিযোগের প্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৯-১০-২০১৭ তারিখের ২৫.০০.০০০০.০১৮.২৭. ০১৩. ১৭-৩০০ নম্বর স্মারকে “অসদাচরণ” এর অভিযোগে ১২/২০১৭ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের আলোকে ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যিকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ ইমরুল চৌধুরী, প্রাক্তন যুগ্মসচিব, পরবর্তীতে পদোন্নতি প্রাপ্ত অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে ১২-০৮-২০২০ তারিখে প্রতিবেদন দাখিল করেন। এছাড়া তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে আনীত অভিযোগটি অনুসন্ধান প্রমাণিত না হওয়ায় কমিশন কর্তৃক “পরিসমাপ্ত” করা হয়েছে মর্মেও উল্লেখ করেন।

০৩। সেহেতু, জনাব মোঃ শিহাবুল ইসলাম, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), সুনামগঞ্জ গণপূর্ত উপ বিভাগ-১, এর নথি, দাখিলকৃত কাগজপত্র, তদন্ত প্রতিবেদনের মতামত এবং দুর্নীতি দমন কমিশন কর্তৃক অভিযোগ অনুসন্ধান প্রমাণিত না হওয়ায় “পরিসমাপ্তকরণ” এর সাথে একমত পোষণ করে অভিযুক্ত কর্মকর্তা

জনাব মোঃ শিহাবুল ইসলাম'কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে রুজুকৃত ১২/২০১৭ নম্বর বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৯ অগ্রহায়ণ ১৪২৭/১৪ ডিসেম্বর ২০২০

নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০১৫.১৭-৩৪২—যেহেতু, জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), অতিরিক্ত দায়িত্ব (ষ্টাফ অফিসার), সুনামগঞ্জ গণপূর্ত বিভাগ-এ কর্মরত অবস্থায় সুনামগঞ্জ ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল ও হাসপাতাল সংলগ্ন বিভিন্ন কোয়ার্টার মেরামত ও সংস্কার কাজের ৫,৭৭,৬৬,০০০/- (পাঁচ কোটি সাতাত্তর লক্ষ ছেষাতি হাজার) টাকা ব্যয়ের অনিয়মের মধ্যে সিভিল ও স্যানিটারি বাবদ মোট ৩,৪৭,১৫,০০০/- (তিন কোটি সাতচল্লিশ লক্ষ পনেরো হাজার) টাকার কাজ তার উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদন করিয়ে সরকারি অর্থ অপচয় করেন। এছাড়া, সংস্কার কাজের দরপত্রসমূহ কোনো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ না করে বহুল প্রচারের শর্ত ভংগ এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ লঙ্ঘন করেছেন মর্মে অভিযোগ উত্থাপিত হয়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ৩১-১০-২০১৭ তারিখের ২৫.০০.০০০০.০১৮.২৭.০১৫.১৭-৩১৬ নম্বর স্মারকে “অসদাচরণ” এর অভিযোগে ১৫/২০১৭ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের আলোকে ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যিকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ ইমরুল চৌধুরী, প্রাক্তন যুগ্মসচিব, পরবর্তীতে পদোন্নতিপ্রাপ্ত অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ দু'টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে ১২-০৮-২০২০ তারিখ প্রতিবেদন দাখিল করেন। এছাড়া, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে আনীত অভিযোগটি অনুসন্ধান প্রমাণিত না হওয়ায় কমিশন কর্তৃক “পরিসমাপ্ত” করা হয়েছে।

০৩। সেহেতু, জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, উপ সহকারী প্রকৌশলী (সিভিল), অতিরিক্ত দায়িত্ব (ষ্টাফ অফিসার), সুনামগঞ্জ গণপূর্ত বিভাগ এর নথি, দাখিলকৃত কাগজপত্র, তদন্ত প্রতিবেদনের মতামত এবং দুর্নীতি দমন কমিশন কর্তৃক অভিযোগ অনুসন্ধান প্রমাণিত না হওয়ায় “পরিসমাপ্তকরণ” এর সাথে একমত পোষণ করে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আব্দুল ওয়াদুদ'কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে রুজুকৃত ১৫/২০১৭ নম্বর বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব।

কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-২ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৫ পৌষ ১৪২৭/২০ ডিসেম্বর ২০২০

নং ১২.০০.০০০০.০৫৩.১৫.০০৬.১৯-৬২৫—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের ২৭-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর পরিপত্রের আলোকে কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তরের জন্য ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

(ক) ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি :

সভাপতি

১। সচিব, কৃষি মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

- ২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।
- ৩। অর্থ বিভাগের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি
- ৪। সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান

সদস্য সচিব

৫। যুগ্মসচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তরের ক্যাডারভুক্ত ও ক্যাডার বহির্ভূত ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।
- (২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণির গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হতে ১ম বা ৩য় হতে ১ম শ্রেণির পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্ম কমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।

০২। দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণির গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

(ক) দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডভুক্ত স্বীকৃত ২য় শ্রেণির গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি :

সভাপতি

১। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ/যুগ্ম-সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

- ২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।
- ৩। অর্থ বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি
- ৪। সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি।

সদস্য সচিব

৫। উপসচিব (সম্প্রসারণ-২ অধিশাখা), কৃষি মন্ত্রণালয়

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি বিপণন অধিদপ্তরের দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণির কর্মকর্তা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনা পূর্বক সুপারিশ প্রদান।
- (২) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ১ম ও ২য় শ্রেণির গেজেটেড পদ কর্ম কমিশনের আওতাভুক্ত বিধায় ২য় হতে ১ম শ্রেণির পদে বা গ্রেডে পদোন্নতির মাধ্যমে নিয়োগ বা সরাসরি নিয়োগের বিষয় সরকারি কর্ম কমিশনের আওতাভুক্ত। এ জাতীয় নিয়োগ (পদোন্নতির মাধ্যমে বা সরাসরি) আলোচ্য কমিটির আওতা বহির্ভূত থাকবে।
- (৩) বাংলাদেশ কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধিমালা, ১৯৭৯ এর ৮নং বিধি মোতাবেক একই শ্রেণিতে পদোন্নতির ক্ষেত্রে কর্ম কমিশনের পরামর্শ নিস্প্রয়োজন বিধায় দ্বিতীয় শ্রেণিভুক্ত এক পদ হতে অপর পদে পদোন্নতির বিষয় আলোচ্য কমিটির আওতাভুক্ত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আলী আকবর
উপসচিব।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

শাখা-০৫

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ পৌষ ১৪২৭/২৯ ডিসেম্বর ২০২০

নং ৩৯.০০.০০০০.০০৫.১১.০২০.২০-৩৩৭—‘বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ আইন, ২০২০’ এর ধারা ৮ এর উপ-ধারা (১) অনুযায়ী বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম) এর পরিচালনা পর্ষদ নিম্নোক্তভাবে গঠন করা হলো :

সভাপতি

- (ক) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
- (খ) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
- (গ) জনাব মোঃ আব্দুল মোমিন, যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
- (ঘ) জনাব মোহাম্মদ সালাউদ্দিন, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয়
- (ঙ) জনাব মোঃ এনামুল হক, অতিরিক্ত সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ।
- (চ) জনাব সৈয়দা নওয়ারা জাহান, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- (ছ) জনাব খাজা আব্দুল হান্নান, অতিরিক্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
- (জ) ড. মোঃ বজ্জীয়ার হোসেন, পরিচালক, (জনশক্তি ও প্রশিক্ষণ) এবং মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (মুক্তিকা), (অতিরিক্ত দায়িত্ব), বিএআরসি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।
- (ঝ) ড. মোঃ নজরুল আনোয়ার, মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।

(ঞ) ড. মজিবুর রহমান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক, (দেশের ০৮টি ইনমাস), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

(ট) অধ্যাপক ড: সৈয়দা সুলতানা রাজিয়া, কেমিকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(ঠ) জনাব শেখ ফজলে ফাহিম, সভাপতি, এফবিসিসিআই সদস্য-সচিব

(ড) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) বিআরআইসিএম
০২। গঠিত পরিচালনা পর্ষদ ‘বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ আইন, ২০২০’ এর বিধান অনুসারে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করবেন।

০৩। পর্ষদের ক্রমিক (ট) ও (ঠ) ব্যতীত সদস্যগণ পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্বপদে বহাল থাকবেন এবং ক্রমিক (ট) ও (ঠ) এর সদস্যদ্বয় প্রজ্ঞাপন জারির তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাজেদুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

তথ্য মন্ত্রণালয়

চলচ্চিত্র-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪২৭/১০ ডিসেম্বর ২০২০

নং ১৫.০০.০০০০.০৪১.৯৯.০২৬.১৭-৪০৫—বাংলাদেশ ফিল্ম আর্কাইভের চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রকাশনা, অধ্যয়ন, সচেতনতা সৃষ্টি ও অন্যান্য কার্যক্রমে বিশেষজ্ঞ সহায়তা, পরামর্শ এবং উল্লিখিত কর্মে/কার্যক্রমে যথাযথ কর্তৃপক্ষকে সুপারিশ প্রদানের নিমিত্ত নিম্নোক্ত ০৭ (সাত) সদস্য বিশিষ্ট বিশেষজ্ঞ কমিটি পুনর্গঠন করা হলো :

সভাপতি

০১. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
০২. উপ-সচিব (চলচ্চিত্র-২), তথ্য মন্ত্রণালয়
০৩. ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেপার বোর্ড (প্রতিনিধি)।
০৪. ড. শফিউল আলম ভূঁইয়া, অধ্যাপক, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
০৫. জনাব মতিন রহমান, বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক
০৬. জনাব মসিহ উদ্দিন শাকের, চলচ্চিত্র পরিচালক

সদস্য-সচিব

০৭. পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
- ২। তথ্য মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের তম/চলচ্চিত্র/ফি:আ:৩০/০৪/৪০৫ সংখ্যক আদেশে গঠিত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

৩। এ কমিটি ‘বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালনা ও ব্যবস্থাপনা নীতিমালা-২০১০’ এর ১১ অনুচ্ছেদে বর্ণিত ‘গ’ থেকে ‘ঠ’ উপানুচ্ছেদের বিধানাবলি অনুসারে দায়িত্ব পালন করবে।

৪। এই কমিটি ২ (দুই) বছর মেয়াদে বলবৎ থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ গোলাম আজম
উপসচিব।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৩ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/২৮ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং ১৪.০০.০০০০.০০৬.২৭.০১৯.২০-২৪৬—যেহেতু, জনাব মোঃ ফয়জুল আজিম, অতিরিক্ত মহাপরিচালক (সরবরাহ ও পরিদর্শন), ডাক অধিদপ্তর, ঢাকা গত ১২-০১-২০১৭ খ্রিষ্টাব্দ হতে ২৭-১২-২০১৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম হিসেবে কর্মরত ছিলেন এবং তার দায়িত্ব পালনকালে নোয়াখালী বিভাগের খিলপাড়া ও দত্তপাড়া ডাকঘরে যথাক্রমে ২০ কোটি ও ৩৮ লক্ষ টাকা আত্মসাতের ঘটনা ঘটে;

যেহেতু, তার কর্মকালে নূর করিম, সাব পোস্টমাস্টার ও মিজানুর রহমান, সাব পোস্টমাস্টারকে ২৫-১১-২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে যথাক্রমে নোয়াখালী বিভাগের কড়িহাটি ডাকঘর ও খিলপাড়া ডাকঘরে সাব পোস্টমাস্টার হিসেবে পারস্পরিক বদলি করা হলেও তারা কর্মস্থল পরিবর্তন না করে শুধু কাগজের মাধ্যমে দায়িত্ব হস্তান্তর ও গ্রহণ করেন এবং অভিযুক্ত কর্মচারী নূর করিম ১৯৯৯-২০১৯ সাল পর্যন্ত ২০ বছর সময়ের মধ্যে প্রায় ১৬ বছর একই ডাকঘরে দায়িত্ব পালন করেছেন, যা তার নজরে আসেনি;

যেহেতু, জনাব মোঃ ফয়জুল আজিম, পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম হিসেবে কর্মরত থাকাকালীন তার আওতাধীন নোয়াখালী বিভাগের পরিদর্শন কার্যক্রম যথানিয়মে পালন করলে এ আত্মসাতের ঘটনা ঘটত না এবং তার এহেন কর্মকাণ্ডে কর্তব্যে চরম অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় প্রকাশ পায়, যা অসদাচরণের সামিল;

যেহেতু, উক্ত অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ আনয়ন করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০৪/২০১৯ রুজু করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক তাকে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হয়নি এবং সার্বিক পর্যালোচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

সেহেতু, জনাব মোঃ ফয়জুল আজিম, প্রাক্তন পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম বর্তমানে অতিরিক্ত মহাপরিচালক (সরবরাহ ও পরিদর্শন), ডাক অধিদপ্তর ঢাকা-কে সরকারি কর্মচারী

(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে তাকে উক্ত বিধিমালার বিধি ৪ (২) (খ) মোতাবেক পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখার লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আফজাল হোসেন
সচিব।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

নং ২৩.০০.০০০০.১৪০.১১.২৫.০১৯.১৫-৩১৮
তারিখ : ০২ পৌষ ১৪২৭/১৭ ডিসেম্বর ২০২০

বিষয় : শ্রীলংকার কলম্বোতে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনের প্রতিরক্ষা শাখায় জেসিও (করণিক)’র সন্তানের নাম পরিবারের সদস্যদের নামের সঙ্গে অন্তর্ভুক্তকরণ।

সূত্র : ডিজিএফআই-এর পত্র নম্বর-২৩.০১.৯০১.৮০০.০৫.০৯.০৭০.২২.১১.২০ তারিখ : ২২ নভেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শ্রীলংকার কলম্বোতে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনের প্রতিরক্ষা শাখায় জেসিও (করণিক) হিসেবে কর্মরত সরকারি সংখ্যা ২০০৪০৪৭৩ সিপিও (রাইটার) মোঃ মনির উজ্জামান, বিএন-এর গত ১৬ জুন ২০২০ তারিখে এক কন্যা সন্তান জন্ম নেওয়ায় তিনি দুই সন্তানের জনক হয়েছেন। কন্যা সন্তানের নাম তাসনুভা মুন্জারিন (Tasnuva Munjarin)। উক্ত কন্যা সন্তানকে ২০০৪০৪৭৩ সিপিও (রাইটার) মোঃ মনির উজ্জামান, বিএন-এর পরিবারের সদস্য হিসেবে নির্দেশক্রমে অন্তর্ভুক্ত করা হলো।

২। উল্লেখ্য, প্রচলিত নিয়ম অনুযায়ী উক্ত জেসিও (করণিক) এর কন্যা সন্তান তাসনুভা মুন্জারিন (Tasnuva Munjarin)সকল সরকারি সুবিধাদি প্রাপ্য হবেন।

মোছাঃ আনার কলি
উপসচিব।

ভূমি মন্ত্রণালয়
জরিপ অধিশাখা-২
বিজ্ঞপ্তিসমূহ

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.৪৯.৩৩.১৫৭.১০(অংশ-২)৩০৮—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|------|---------------|--------------|----------------|-------------|-----------|
| ১ | বিচনা | ১৯ | ৪১৮ | পীরগঞ্জ | রংপুর |
| ২ | জয়ন্তীপুর | ৩২ | ১৮৬ | পীরগঞ্জ | রংপুর |
| ৩ | ছোট পাহাড়পুর | ২০৯ | ৩৬৪ | পীরগঞ্জ | রংপুর |
| ৪ | নাসিরাবাদ | ২১৪ | ৫৬২ | পীরগঞ্জ | রংপুর |

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|------|-------------------|--------------|----------------|----------------|------------|
| ৫ | ভাগ জোয়ার | ২২৩ | ৪১২ | পীরগঞ্জ | রংপুর |
| ৬ | আরাজী গঙ্গারামপুর | ২৩০ | ১৫৯ | পীরগঞ্জ | রংপুর |
| ৭ | গঙ্গারামপুর | ২৩৩ | ৪২১ | পীরগঞ্জ | রংপুর |
| ৮ | বাটীকামারী | ২৬২ | ১২৫ | পীরগঞ্জ | রংপুর |
| ৯ | চেরাকপুর | ২৬৯ | ৪৯৮ | পীরগঞ্জ | রংপুর |
| ১০ | চক রাঙ্গামাটী | ২৯২ | ২১৯ | পীরগঞ্জ | রংপুর |
| ১১ | রামনাথপুর | ৮৭ | ৮০৬ | মিঠাপুকুর | রংপুর |
| ১২ | ধলারপাড়া | ৯২ | ৪১৭ | মিঠাপুকুর | রংপুর |
| ১৩ | হেতমপুর | ১৩৩ | ৩২০ | মিঠাপুকুর | রংপুর |
| ১৪ | হবিবপুর | ১৫৩ | ১৫০ | মিঠাপুকুর | রংপুর |
| ১৫ | দৌলত রসুলপুর | ১৫৬ | ২৬২ | মিঠাপুকুর | রংপুর |
| ১৬ | খোর্দ নারায়ণপুর | ১৮১ | ৪৩৯ | মিঠাপুকুর | রংপুর |
| ১৭ | মালতোলা ভবানীপুর | ১৯৩ | ২৯৭ | মিঠাপুকুর | রংপুর |
| ১৮ | দাউদপুর | ১৯৫ | ৩০২ | মিঠাপুকুর | রংপুর |
| ১৯ | দলসিংপুর | ২০৬ | ৩৪১ | মিঠাপুকুর | রংপুর |
| ২০ | জালালপুর | ২৪৩ | ৩৩২ | মিঠাপুকুর | রংপুর |
| ২১ | মুরারীপুর | ২৪৯ | ৭৪৫ | মিঠাপুকুর | রংপুর |
| ২২ | কসবা | ২৫৭ | ২৭৫ | মিঠাপুকুর | রংপুর |
| ২৩ | নওয়াপুকুর | ২৬৩ | ১৮৭ | মিঠাপুকুর | রংপুর |
| ২৪ | শান্তিপুর | ২৭১ | ২৩৫ | মিঠাপুকুর | রংপুর |
| ২৫ | রামনাথেরপাড়া | ২৭৫ | ৪২২ | মিঠাপুকুর | রংপুর |
| ২৬ | মহব্বত বাজীতপাড়া | ৫৮ | ১৪৬৯ | নিলাফামারী সদর | নিলাফামারী |
| ২৭ | ভেড়ভেড়ী | ৫ | ৩৩৩৯ | কিশোরগঞ্জ | নিলাফামারী |
| ২৮ | আলম বিদিতর | ৬২ | ২২৩৪ | কিশোরগঞ্জ | নিলাফামারী |
| ২৯ | সন্তোষপুর | ৯ | ১২৯৪ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৩০ | বাগডাঙ্গা | ১৩ | ১১৫৯ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৩১ | বদিজমাপুর | ১৯ | ৭৭২ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৩২ | দীগদারী নুনখাওয়া | ৩০ | ১৪২৩ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৩৩ | বেরুবাড়ী | ৪৩ | ৬৮১ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৩৪ | ইন্দ্রগড় | ৬০ | ১২৯৮ | নাগেশ্বরী | কুড়িগ্রাম |
| ৩৫ | খোর্দ মালিবাড়ী | ৮ | ৯৪৬ | গাইবান্ধা সদর | গাইবান্ধা |
| ৩৬ | গন্ধর্ব বাড়ী | ১৬২ | ৫২৩ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ৩৭ | নাচাইকুচাই | ২২০ | ৩২৫ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ৩৮ | দিগদাইর | ২২১ | ৩৪৩ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ৩৯ | ছোট সাতইল বাতাইল | ২২২ | ৩৯৩ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ৪০ | বারটিকরি | ২৯০ | ৬৪২ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ৪১ | শালমারা | ৩৩১ | ১৭৪৯ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |

নং ৩১.০০.০০০০.৪৯.৩৬.১০৬.১৬(অংশ-১)৩০৯—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|------|-----------------------|--------------|----------------|-------------|-----------|
| ১ | উত্তর চর নারায়নদিয়া | ২ | ১০১৪ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| ২ | সিহিপুর | ৮০ | ৪৬৩ | নগরকান্দা | ফরিদপুর |
| ৩ | গজগাহা | ১৩১ | ১১৯১ | নগরকান্দা | ফরিদপুর |
| ৪ | মুলামেরডাঙ্গী | ২৭ | ২৭৩৫ | সদরপুর | ফরিদপুর |
| ৫ | সাড়ে সাতরশি | ৩৮ | ৪৮০ | সদরপুর | ফরিদপুর |
| ৬ | চরখুর্নী | ৮০ | ৫১০ | সদরপুর | ফরিদপুর |
| ৭ | বেথুয়া | ৮৫ | ১০৬ | সদরপুর | ফরিদপুর |
| ৮ | নন্দলালপুর | ৮২ | ৭৫৫ | সদরপুর | ফরিদপুর |
| ৯ | লক্ষীপুর | ১১৮ | ৪৩৭ | পাংশা | রাজবাড়ী |
| ১০ | কেওয়াগ্রাম | ১১৯ | ৪৩৫ | পাংশা | রাজবাড়ী |

নং ৩১.০০.০০০০.৪৯.৩৬.১৪২.১০.৩১০—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|------|----------------|--------------|----------------|-------------|-----------|
| ১ | দক্ষিণ রাঘবপুর | ৭৫ | ২০০০ | পাবনা সদর | পাবনা |
| ২ | রাধানগর | ৮৩ | ৫৯৩৩ | পাবনা সদর | পাবনা |

নং ৩১.০০.০০০০.৪৯.৩৩.০১০.১৭.৩১১—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955) এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|------|-----------------------|--------------|----------------|------------------|------------|
| ১ | মচকাপুর | ৪২ | ৫৬২ | গোলাপগঞ্জ | সিলেট |
| ২ | ধরাবহর | ৫৫ | ১০৭১ | গোলাপগঞ্জ | সিলেট |
| ৩ | মুখীতলা | ৬২ | ৪৩৪ | গোলাপগঞ্জ | সিলেট |
| ৪ | নিদনপুর | ১১ | ২১৮৬ | জকিগঞ্জ | সিলেট |
| ৫ | বলদী | ২৯ | ১৬৭৭ | দক্ষিণ সুরমা | সিলেট |
| ৬ | দেখার হাওর | ৫৯ | ৩৪৬৩ | দক্ষিণ সুনামগঞ্জ | সুনামগঞ্জ |
| ৭ | তিলক | ১২০ | ১৪৭৮ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| ৮ | ইকরআটিয়া | ১ | ১১০৯ | বিশ্বম্ভপুর | সুনামগঞ্জ |
| ৯ | রাজেন্দ্রপুর | ৪৬ | ৩০১ | বিশ্বম্ভপুর | সুনামগঞ্জ |
| ১০ | পূর্ব আনোয়ারপুর | ৬২ | ১৫৯ | দিরাই | সুনামগঞ্জ |
| ১১ | ধর্মপাশা | ৫৫ | ২০৪০ | ধর্মপাশা | সুনামগঞ্জ |
| ১২ | ইসলামনগর | ২ | ৪৪৯ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৩ | বাবুরগোল | ২০ | ১৩৯৬ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৪ | কুলাউড়া | ৩৭ | ৮৪৯ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৫ | মইস্তাম | ৩৯ | ৭১২ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৬ | চাতলগাঁও | ৫২ | ৭৭১ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৭ | কৌলা | ৫৩ | ৪৬৪ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৮ | মেরিনা টি, ই, | ৬১ | ১ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৯ | সিন্দুরখান টি গার্ডেন | ৯৬ | ৪ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| ২০ | উদনাছড়া টি গার্ডেন | ১০৬ | ১ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |

রাষ্ট্রপতির আদেশক্রমে
মো. আব্দুর রহমান
উপসচিব।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৬৭৫—চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ থানার মামলা নং-২২, তারিখ : ১১-১২-২০১৯ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৬৭৬—ঢাকা জেলার যাত্রাবাড়ী থানার মামলা নং-৩৭(১০)১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)/৮/৯/১০ ধারার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৬৭৭—ঢাকা জেলার কলাবাগান থানার মামলা নং-০৬(১০)১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১৩ ধারার অপরাধে জড়িত।

০২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪২৭/১০ ডিসেম্বর ২০২০

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৭.১৯-৬৮৮—নাটোর জেলার সদর থানার মামলা নং-০৫, তারিখ : ০২-০৩-২০১৮ খ্রিঃ এ উল্লিখিত আসামী/আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ আমিনুল ইসলাম
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১১৬.২০২০-৪৫০—যেহেতু ডা. মোঃ মাহফুজার রহমান (১২৫০৬৮), অ্যানেসথেশিওলজিস্ট, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ৯(১)/১০ ধারায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের রামপুরা থানার মামলা নং-২৫, তারিখ ১৮-১০-২০২০ খ্রি. এর প্রেক্ষিতে গ্রেপ্তারের পর জেল-হাজতে অন্তরীণ আছেন;

যেহেতু বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু ডা. মোঃ মাহফুজার রহমানকে বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ১৮-১০-২০২০ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১১৫.২০২০-৪৫১—যেহেতু ডা. মোঃ মাহমুদুল হাসান মাসুম (১৩৮৪৯৯), সহকারী সার্জন, বালিয়া ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, ফুলপুর, ময়মনসিংহ সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯-এর ৬(৩)/৮/৯ ধারায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের রমনা মডেল থানার মামলা নং-১, তারিখ ৪-৫-২০২০ খ্রি. এর প্রেক্ষিতে গ্রেপ্তারের পর জেল-হাজতে অন্তরীণ আছেন;

যেহেতু বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু ডা. মোঃ মাহমুদুল হাসান মাসুমকে বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ৪-৫-২০২০ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১০০.২০২০-৪৫২—যেহেতু ডা. সৈয়দ আলী ইউসুফ, সহকারী সার্জন, অ্যানেসথেশিওলজি বিভাগ, শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউট, ঢাকা নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ৯(১)/১০ ধারায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিরপুর মডেল থানার মামলা নং-৮, তারিখ ০৫-০৮-২০২০ খ্রি. এর প্রেক্ষিতে গ্রেপ্তারের পর জেল-হাজতে অন্তরীণ আছেন;

যেহেতু বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন।

সেহেতু ডা. সৈয়দ আলী ইউসুফকে বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ০৫-০৮-২০২০ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

তারিখ : ৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১৩৫.২০২০-৪৫৪—যেহেতু ডা. মোহাম্মদ মাহফুজ মিয়া (১০১৪৪৪৫), মেডিকেল অফিসার, ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, মানিকগঞ্জ যৌতুক বিরোধ আইনের ৩ ধারায় বিজ্ঞ চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকায় দায়েরকৃত ৬০৮/২০১৯ নং পিটিশন মামলায় ১৮-২-২০২০ খ্রি. হতে থেঙার হয়ে জেল-হাজতে অন্তরীণ আছেন;

যেহেতু বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী হেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু ডা. মোহাম্মদ মাহফুজ মিয়াকে বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ১৮-২-২০২০ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুল মান্নান
সচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৭/১৮ ফেব্রুয়ারি ২০২১

নং ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০১৬.২০-১২১—যেহেতু, লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব শরাফ উদ্দিন আজাদ এর বিরুদ্ধে অবৈধভাবে গাছ কাটা এবং কুকুরের কামড়ের

ভ্যাকসিন যথাযথভাবে সরবরাহ না করা সংক্রান্ত অভিযোগ ২টি প্রমাণিত হয়; এবং

যেহেতু, উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(খ) ও ১৩(১)(গ) ধারা লংঘিত হয়েছে; এবং

যেহেতু, তার বিরুদ্ধে দাখিলকৃত অনাস্থা প্রস্তাবের উপর গৃহীত ভোট গণনা পরিষদের ভাইস চেয়ারম্যানসহ ১২ জন পরিষদ সদস্য অর্থাৎ পরিষদের চার-পঞ্চমাংশ সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাবের পক্ষে ভোট গৃহীত হয়;

সেহেতু, সরকার জনস্বার্থে তাকে তার স্থায় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, লক্ষ্মীপুর জেলার রামগতি উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব শরাফ উদ্দিন আজাদ কর্তৃক অবৈধভাবে গাছ কাটা এবং কুকুরের কামড়ের ভ্যাকসিন যথাযথভাবে সরবরাহ না করার বিষয়টি বিভাগীয় কমিশনারের তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানসহ ১২ জন পরিষদ সদস্য অর্থাৎ পরিষদের চার-পঞ্চমাংশ সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব গৃহীত হওয়ায় উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা ও ১৩ক ধারার (১৩) উপধারা এবং উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ শূন্যতা) বিধিমালা, ২০১৬ মোতাবেক তাকে স্থায় পদ হতে অপসারণ করে পদটি শূন্য ঘোষণা করা হলো এবং রামগতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-১ জনাব মোঃ রাহিদ হোসেন-কে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য পরিষদের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ সামছুল হক
উপসচিব।